

যুগান্তর

প্রিন্ট: ২৩ জুন ২০২৬, ০৪:০১ পিএম

শিক্ষাঙ্গন

গান গেয়ে ভাইরাল সেই ঢাবি শিক্ষককে অব্যাহতি

Advertisement



যুগান্তর প্রতিবেদন


প্রকাশ: ২৩ জুন ২০২৬, ০৩:৪১ পিএম



তাসরিক-ই-হাবিব



পরবর্তী খেলা


 পর্তুগাল

এনআরজি স্টেডিয়াম, হিউস্টন, যুক্তরাষ্ট্র

গ্রুপ কে


-

রাত ১১টা

উজবে... 

পরবর্তী খেলাসমূহ

বুধবার ২৪ জুন ২০২৬

 ইংল্যান্ড


জিলেট স্টেডিয়াম, ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট্র

-

[গ্রুপ এল] রাত ২টা

ঘানা 


বুধবার ২৪ জুন ২০২৬

 পানামা

বিএমও ফিল্ড, টরন্টো, কানাডা

-

[গ্রুপ এল] ভোর ৫টা

ক্রোয়ে... 

সামাজিক যোগাযোগমাধ্যমে গান গেয়ে বিতর্কিতভাবে ভাইরাল হওয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বাংলা বিভাগের অধ্যাপক চৌধুরী মো. তশরিক-ই-হাবিবকে একাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

সোমবার (২২ জুন) রাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এ-সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়া হয়।

বৈঠক সূত্র জানিয়েছে, শিক্ষক-শিক্ষার্থীদের বিভিন্ন অভিযোগের পরিপ্রেক্ষিতে আলোচিত ওই শিক্ষককে একাডেমিক কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে একাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিভাগের একাডেমিক কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

জানা গেছে, অধ্যাপক তশরিকের বিরুদ্ধে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত বিভিন্ন কনটেন্টের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার অভিযোগ উত্থাপিত হয়েছিল। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে আনুষ্ঠানিক বিস্তারিত বক্তব্য এখনো প্রকাশ করা হয়নি।

অধ্যাপক তশরিক-ই-হাবিব সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে গান গেয়ে আলোচনায় আসেন। তিনি শাহ আব্দুল করিম, ফারুক মাহফুজ আনাম জেমস ও ফজলুর রহমান বাবুসহ জনপ্রিয় শিল্পীদের জনপ্রিয় গান পরিবেশন করে ফেসবুকে ব্যাপকভাবে ভাইরাল হন।